



বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়, পটুয়াখালী
কৃষি ব্যাংক ভবন, স্টেডিয়াম সড়ক, পটুয়াখালী।
ফোন নং- ০২৪৭৮৮৮০৪৭৮, ০২৪৭৮৮৮০৪৯৩
ই-মেইল: crmpatuakhali@krishibank.org.bd



নং-মুআকা/পটুয়া/প্রশা-৫২/২০২১-২০২২/১৮০৫

তারিখঃ ১৫/০৩/২০২২ খ্রিঃ

“২০২১-২০২২ অর্থ বছরে জানুয়ারী ২০২২ হতে মার্চ ২০২২ সময়কালের মাঠ পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন ও

বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যবিবরণী।”

সভাপতি : জনাব মোঃ আঃ কাদের, মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, পটুয়াখালী।

তারিখ ও সময় : ১৫.০৩.২০২২, বিকাল ৪:০০ ঘটিকা।

স্থান : মুখ্য আঞ্চলিক কার্যালয়, পটুয়াখালী।

উপস্থিতি : পরিশিষ্ট ‘ক’

০১। সভার প্রারম্ভে সভাপতি মহোদয় তার স্বাগত বক্তব্যে বৈশ্বিক মহামারি করোনা পরিস্থিতির মধ্যে কাজ করার জন্য সকল কর্মকর্তা / কর্মচারীদের ধন্যবাদ জানান। সভায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ আগামী ৩১-০৩-২০২২ তারিখের মধ্যে এবং ত্রৈমাসিক ভিত্তিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে ওয়েবসাইটে আপলোড করার বিষয়ে আলোচনা হয়। ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের বিষয়ে গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক নিয়মিত পরিবীক্ষণ করে সূচকের বিপরীতে মান নির্ণয় করা হবে। তাছাড়া ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিতব্য প্রধান কার্যালয়ের শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভায় ফিডব্যাক প্রদানের জন্য পর্যবেক্ষণ করা হবে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনে প্রাপ্ত সূচক নিয়ে দেশের বৃহত্তর পরিসরে অনুষ্ঠিতব্য ব্যাংকার্স সভায় পর্যালোচনা হয়। এজন্য সূচকের মান অর্জন একটি গুরুত্বপূর্ণ বিষয়।

০২। সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

ক) প্রধান কার্যালয়ের নির্দেশনা মোতাবেক মুখ্য আঞ্চলিক কার্যালয়, পটুয়াখালীর ২০২১-২০২২ অর্থ বছরের কর্ম পরিকল্পনা প্রণয়ন করে যথাসময়ে দাখিল করতে হবে। কার্যকরণ : মুআকা, পটুয়াখালী।

খ) অত্র ব্যাংকের ওয়েব সাইটে NIS Tab এর আওতায় জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ এবং ত্রৈমাসিক ভিত্তিতে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নিয়মিত আপলোড করতে হবে। কার্যকরণ : মুআকা, পটুয়াখালী।

গ) অঞ্চলাধীন ২৬টি শাখা ব্যবস্থাপকদের নিয়ে তথ্য আদান-প্রদানের জন্য Messenger এ একটি গ্রুপ খোলা হয়েছে, যেখানে শাখাসমূহ সবসময় তথ্য আদান-প্রদান করতে পারবে। কার্যকরণ : সকল শাখা, পটুয়াখালী মুখ্য অঞ্চল।


ঘ) সকল শাখায় গ্রাহকদের সাথে দ্বি-পাক্ষিক সভা আয়োজন করতে হবে। কার্যকরণ : সকল শাখা, পটুয়াখালী মুখ্য অঞ্চল।

ঙ) সকল শাখায় প্রকাশ্যে ও গুণীজনের উপস্থিতিতে স্বর্ণ প্রদান কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। কার্যকরণ : সকল শাখা, পটুয়াখালী মুখ্য অঞ্চল।

চ) সকলকে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে নীতি ও নৈতিকতা নিয়ে কাজ করতে হবে। কার্যকরণ : সকল কর্মকর্তা / কর্মচারী, পটুয়াখালী মুখ্য অঞ্চল।

০৩। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২ এ উল্লিখিত লক্ষ্যমাত্রার বিপরীতে ত্রৈমাসিক ভিত্তিতে একই ছকে অগ্রগতি প্রতিবেদন নিয়মিতভাবে নির্ধারিত সময়সীমার মধ্যে প্রধান কার্যালয়ে প্রেরণ ও ওয়েবসাইটে প্রকাশের বিষয়টি নিশ্চিত করতে হবে।

০৪। সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় সভার সমাপ্তি ঘোষণা করেন।


(মোঃ আঃ কাদের) ১৫.০৩.২২


মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক

ও

সভাপতি।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, বরিশাল।
- ০৩। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিনিকা, বরিশাল।
- ০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিনিকা, পটুয়াখালী।
- ০৭। সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি, পটুয়াখালী মুখ্য অঞ্চল।
- ০৮। অফিস নথি / মহানথি।


(এ এইচ এম আলতাফ)

সহকারী মহাব্যবস্থাপক।